

ভারত-স্পেন বিদেশমন্ত্রক স্তরের তৃতীয় পর্যায়ের পরামর্শমূলক বৈঠক

২ মার্চ ২০১৫ নয়াদিল্লিতে ভারত ও স্পেনের বিদেশমন্ত্রকের তৃতীয় পর্যায়ের পরামর্শমূলক বৈঠক অনুষ্ঠিত হয়। ভারতীয় প্রতিনিধিদলের নেতৃত্ব দেন পররাষ্ট্রমন্ত্রকের সচিব(পূর্ব) শ্রী নবতেজ সারণা এবং স্পেনের বিদেশমন্ত্রকের সেকরেটারি অব স্টেট মিঃ ইগানসিও ওয়াইবানেজ স্পেন প্রতিনিধিদলের নেতৃত্ব দেন।

দ্বিপাক্ষিক স্বার্থ সম্পর্কিত বিষয় সহ আঞ্চলিক ও আন্তর্জাতিক গুরুত্বপূর্ণ বিষয়ে বৈঠকে আলোচনা হয়। উভয়পক্ষ বিদ্যমান দ্বিপাক্ষিক চুক্তিগুলির পর্যালোচনা করে এবং উভয়পক্ষের মধ্যে বিচারাধীন চুক্তিগুলি নিয়ে আলোচনা করেন। ফেব্রুয়ারি মাসের প্রথম সপ্তাহে স্পেনের বাণিজ্য বিভাগের সেকরেটারি অব স্টেটের ভারত সফর, বিদেশমন্ত্রকের মধ্যে পরামর্শমূলক বৈঠক এবং স্পেনের প্রতিরক্ষা সচিবের আসন্ন সপ্তাহান্তের সফর এবং ২০১৫ সালের এপ্রিলে বিদেশমন্ত্রীর সফর সহ উভয় পক্ষ উভয়দেশের মধ্যে কর্মোবর্ধমান দ্বিপাক্ষিক কর্মকান্ড বৈঠকে চিহ্নিত করে।

উচ্চপর্যায়ের সফর বিনিময়, সাংস্কৃতিক কর্মসূচী, বণিক দল সফর বিনিময় সংগঠিত করে ২০১৬ সাল ভারত ও স্পেনের মধ্যে কূটনৈতিক সম্পর্কের ষাট বছর পূর্তি পালন করা সহ উভয়পক্ষ দ্বিপাক্ষিক সহযোগিতা উন্নীত করার জন্য সহমত হয়।

নয়াদিল্লি

২ মার্চ ২০১৫